দৈনিক খবর

76

তারিখ 24 JUL 1989
পৃষ্ঠা ... ১ ... কলাম ...



# খেলাধুলা



পারুমা নবম জাতীয় যুব হকি প্রতিযোগিতায় বিকেএসপি বনাম ঢাকা জেলা ক্রীড়া সংস্থার খেলার একটি মুহূর্ত ——খবর

### পারুমা জাতীয় যুব হকি

## বিকেএসপি ও ঢাকা শিক্ষা বোর্ড গ্রুপ চ্যাম্পিয়ন

।।স্পোর্টসরিপোর্টার।।

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) ও ঢাকা বোর্ড পারুমা জাতীয় যুব হকি প্রতিযোগিতার গ্রুপ চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল বিকেলে আউটার স্টেডিয়ামে অনুষ্ঠিত গ্রুপ ফাইনালে বিকেএসপি টাইব্রেকারে ৭–৬ গোলে ঢাকা জেলা দলকে হারিয়ে 'খ' গ্রুপের চ্যাম্পিয়ন হয়েছে। নির্ধারিত সময়ে খেলা গোলশূন্য ড্র থাকায় টাইব্রেকারের মাধ্যমে খেলার ভাগ্য নির্ধারণ করা হয়। এ খেলায় দ্বিতীয়ার্ধের ২৩ মিনিটেই ফাউলের প্রতিবাদে বিকেএসপি'র মহাপরিচালকের নির্দেশে বিকেএসপি'র খেলোয়াড় মাঠ ত্যাগ করে। কয়েক মিনিট পর অবশ্য তারা আবার খেলায় ফিরে আসে। কিন্তু খেলার নিয়ম অনুযায়ী বিকেএসপি দল ক্র্যাচড হয়ে যাওয়ার কথা থাকলেও আম্পায়ারদ্বয় তাদেরকে আবার খেলার সুযোগদেন

অপর খেলায় ঢাকা শিক্ষা বোর্ড অনুর দেয়া একমাত্র গোলের কৃতিত্বে ময়মনসিংহকে পরাজিত করে 'ক' গ্রুপ চ্যাম্পিয়ন হয়। আজ প্রথম সে[illegible]ইনালে ঢাকা শিক্ষা বোর্ড খেলবে ঢাকা জেলার বিরুদ্ধে। আগামীকাল দ্বিতীয় সেমিফাইনালে বিকেএসপি খেলবে ময়মনসিংহেরবিরুদ্ধে।

বিকেএসপিঃ তুষার, ইরফাত, মুনসুর, আক্তার, হায়দার, খুরশিদ, জাহিদ, সামাদ (নুর), মুনির, রশিদ, আমির।

ঢাকা দলঃ রানা, মাইনুদ্দিন সেলিম, মারুফ, শরফত, তৈয়ব, ফয়সাল, নাসের, মোবাসসের, আরিফ (মাইনউদ্দিন)ওসাঈদ।

আম্পায়ারঃ মীর মনোয়ার আলী ও এতেসামসুলতান।

ঢাকা শিক্ষা বোর্ডঃ শামীম, গালিব, অনু, আনিল, কামাল, মাসুক, ফয়সাল, আলো, হাইয়াজ, ওবায়েদ (ওয়াসেক) ও কায়সার।

ময়মনসিংহঃ আরিফ, রফিকুল, মাহমুদুর, ইমরান (আসিফ), মামুন, রিয়াদ, মাহামুদুল্লাহ, জহিরুল, মাজহারুল, রফিকুল করিম ও মুনসুর (আজাহার)।

আম্পায়ারঃ মীর মনোয়ার ও তাজ হোসেন।